গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী কলেজ, রাজশাহী
e-mail: rajshahicollegebd@gmail.com website: www.rc.edu.bd
Online News Portal: rcbarta.com Fax: 0721-771511

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-রাক/১০৬৬ তারিখ: ১০/০৭/২০১৭

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৫-২০১৬, ২০১৪-২০১৫ ও ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন অনার্স-১ম বর্ষ শিক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত আবেদন ও সংশ্লিষ্ট কোর্সের ইনকোর্স নম্বর প্রদানসহ (নিয়মিত এবং অনিয়মিত পরীক্ষার্থীদের যাদের ইনকোর্স নম্বর পূর্বে প্রেরণ করা হয়নি) যাবতীয় কার্যক্রম Online-এ সম্পন্ন করা হবে। **উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী ২০১৬ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ করেনি বা ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করেনি তাদেরকে পুনঃভর্তির মাধ্যমে ফরম পূরণের পরামর্শ দেয়া যাচ্ছে।** উক্ত কোর্সের পরীক্ষার্থীদের আবেদন ফরম পূরণের সময়সূচি ও আনুষঙ্গিক তথ্যাবলী নিম্নে প্রদত্ত হলো:

পরীক্ষার ফরম পূরণের সময়সূচি

তারিখ	বিষয়ের নাম	সময়	ফরম পূরণের স্থান
১২/০৭/২০১৭ থেকে ২০/০৭/২০১৭ (সরকারি ছুটির দিন ব্যতিত)	সকল বিষয়	সকাল ১০ টা থেকে বেলা ০২ টা পর্যন্ত	স্ব স্ব বিভাগ

বিভাগ সমূহ থেকে Online-এ ডাটা নিশ্চয়নের প্রিন্টকৃত বিবরণীর মূলকপি (বাঁধাইকৃত) ০২ (দুই) সেট ও হিসাব বিবরণী ২৩/০৭/২০১৭ তারিখ বেলা ০২ টার মধ্যে সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির নিকট জমা দিতে হবে।

পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত ফিসের বিবরণ

ক্রঃ নং	পরীক্ষার ফি-এর বিবরণ		টাকার পরিমাণ
১	তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র)- বিশ্ববিদ্যালয়ে জমা হবে		২০০/-
২	তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র)- বিশ্ববিদ্যালয়ে জমা হবে		১৪০/-
৩	ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) পরীক্ষার ফি -বিশ্ববিদ্যালয়ে জমা হবে		২০০/-
৪	ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) বিশ্ববিদ্যালয়ে জমা হবে		১০০/-
৫	কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে		৪৫০/-
৬	কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে		১২০/-
৭	বিশেষ অন্তর্ভূক্তি ফি (গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি-এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী- বিশ্ববিদ্যালয়ে জমা হবে		৩০০/-
৮	ব্যবস্থাপনা ফি		৫০/-
৯	ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষার ফি	প্রথম দিনের জন্য প্রতি পরীক্ষার্থী মেজর ও নন-মেজর	১৩০/-
		পরবর্তী দিনের জন্য প্রতি পরীক্ষার্থী মেজর ও নন-মেজর	৭৫/-
১০	**পুনঃভর্তি ফি (অনিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য)**		**২৪৪১/-**

বি:দ্র: ফরম পূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন সুযোগ নাই।

১। **আবেদন ফরম সংগ্রহ:**
অনার্স-১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/honours) থেকে প্রিন্ট করে অথবা প্রিন্টকৃত কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন। পরীক্ষার্থী নিজে আবেদন ফরম পূরণ করার পর নির্ধারিত ফিসহ স্ব-স্ব বিভাগে জমা দিবে।

২। **পরীক্ষার ফিস জমা: (নিয়মিত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)**
শিক্ষার্থীদের কলেজ ওয়েবসাইট (www.rc.edu.bd) এ প্রবেশ করে অনলাইন ফরম পূরণ মেনু ব্যবহার করে ফরম পূরণ প্রক্রিয়া সম্পাদন করবে। Student ID ব্যবহার করে নির্ধারিত ফিসের টাকা ডাচবাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১২/০৭/২০১৭ থেকে ২০/০৭/২০১৭ তারিখের মধ্যে জমা দিতে হবে। কলেজ ওয়েবসাইট/নোটিশ কর্নার হতে ফি'র পরিমাণ জানা যাবে। শিক্ষার্থীদের সঠিক Student ID জানার জন্য বিভাগে যোগাযোগ করার পরামর্শ দেয়া যাচ্ছে।

DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:
ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান।
খ) '1' (One) নং পেমেন্ট সিলেক্ট করুন।
গ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।
ঘ) Bill No-এ আপনার **Student ID** টি দিন।
ঙ) টাকার পরিমাণ লিখুন।
চ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন।
ছ) Ok অথবা Send বাটন ক্লিক করুন।
জ) DBBL হতে Trax ID পাওয়া যাবে।
ঝ) অনলাইন ফরম পূরণ মেনুতে Student ID Submit করা হলে টাকা জমাদানের Confirmation Slip পাওয়া যাবে।
DBBL Help Line- 16216 (তথ্য পাওয়ার প্রয়োজনে)

*** যে সকল শিক্ষার্থীর স্মার্টফোন আছে তারা rc.edu.bd/online-form-fillup অথবা সরাসরি 180.211.183.206/EasyCollegeMate/hons-form-fillup link-এ প্রবেশ করে নিজেরাই ডাচবাংলা মোবাইল ব্যাংকে ফি পরিশোধ করে TrxID সংগ্রহ পূর্বক ফরম পূরণ করতে পারবে।

৩। **অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা:**
ক) স্নাতক (সম্মান) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি-১ কপি করে।
খ) আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত ১ কপি রঙিন ছবি সংযুক্ত করে জমা দিতে হবে।
গ) ভর্তির আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ ফেরত দিবে।
ঘ) Confirmation Slip- এর ডাউনলোড কপি আবেদনপত্রের সঙ্গে বিভাগে জমা দিতে হবে।

৪। **পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:**

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী (যারা রেগুলেশন অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে) ২০১৭ সালের অনার্স-১ম বর্ষের নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

(ক) যে সকল শিক্ষার্থী ২০১৬, ২০১৫ এবং ২০১৪ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৭ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে C বা D গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং F গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

(ক) ২০১৬ সালের অনার্স-১ম বর্ষে যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/ কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) যে সকল শিক্ষার্থী ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০১৭ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

(গ) সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম D গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B^+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

(ঘ) ২০১৬ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত ০১টি পত্রে ২০১৭ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

(ঙ) ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

৫। **পাঠ্যসূচি: সকল বিষয়ের পরীক্ষা ০৪(চার) বছর মেয়াদী অনার্স কোর্সের পাঠ্যসূচী ও সংশোধিত রেগুলেশন ২০১৩-২০১৪ সালের শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।**

৬। **পরীক্ষার্থীদের জন্য করণীয় :**

(ক) নিয়মিত পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর (পরীক্ষার্থীর অংশ) স্বহস্তে পূরণ করে **নির্ধারিত ফি DBBL-এর মাধ্যমে এবং অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীগণ রূপালী ব্যাংক লিমিটেড, কে. এন শাখা, রাজশাহীতে জমাদানপূর্বক** সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিতে হবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কিনা তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে।

(খ)আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) লিখতে হবে। বিষয়কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না

(গ) আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে (বিষয় কোড লিখতে) তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে।

(ঘ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই সংশোধন করে নিতে হবে।

(ঙ) বিবরণী ফরম পূরণে ভুলের কারণে পরীক্ষার্থীর প্রবেশপত্র ভুল হলে নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে পরীক্ষার পূর্বেই প্রবেশপত্র সংশোধন করে নিতে হবে। এক্ষেত্রে মূল প্রবেশপত্রের সাথে বিবরণীর ফটোকপি জমা দিতে হবে। কলেজ কর্তৃপক্ষ কোনক্রমেই প্রবেশপত্র সংশোধন করতে পারবেন না।

(চ) আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে স্ব-স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

৭। **আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (বিভাগের জন্য) :**

(ক) যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের ডাটা (সম্ভাব্য তালিকা) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nubd.info/honours** -এ রক্ষিত আছে। ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি Online-এ এন্ট্রি করতে হবে। সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থীর ফরম পূরণ করা যাবে না। ফরম পূরণের যোগ্যতা আছে কিন্তু সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট শাখা/তথ্য প্রযুক্তি (ICT) দপ্তরে যোগাযোগ করে সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম অন্তর্ভুক্ত করে ফরম পূরণের ব্যবস্থা নিতে হবে।

(খ) আবেদন অনুযায়ী সকল পরীক্ষার্থীদের ডাটা Online-এ সঠিকভাবে এন্ট্রি দিয়ে নির্দিষ্ট তারিখের মধ্যে অবশ্যই নিশ্চয়ন করতে হবে।

(গ) নিশ্চয়ন সম্পন্ন হলে Online-এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট নিতে হবে। প্রিন্টকপিতে প্রথমে বিভাগীয় প্রধান অত:পর অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

(ঘ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি প্রবেশপত্র সংগ্রহের পর নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা লাগিয়ে অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

(ঙ) ১ম বর্ষ অনার্স বিষয়ক পরীক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট যথাসময়ে চালু হবে এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। সুতরাং যথা সময়ে কলেজকে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

(চ) নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো। ফরম পূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় বা একজনের পরিবর্তে অন্যজনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চয়নের পর ফরম পূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না।

(ছ) আবেদন ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষরিত হবার পর মূল কপিটি অনার্স বিষয়ওয়ারী আলাদাভাবে বাঁধাই করে কমিটির নিকট জমা দিতে হবে এবং এর ফটোকপি বিভাগে সংরক্ষণ করতে হবে।

৮। **ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ :**

শিক্ষার্থীদের ফরম পূরণের সময় Software-এর মাধ্যমে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৫-২০১৬ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বর ও রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত মোট নম্বর Online এ প্রেরণ করতে হবে, এর এক কপি নম্বরপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

৯। ফলাফল: এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

১০। **পাস নম্বর:**

কোর্সের নম্বর	১০০ (৪ ক্রেডিট)	৫০ (২ ক্রেডিট)
পাস নম্বর	40	20
গণনাযোগ্য ক্রেডিট	D	D

১১। প্রমোশন:

ক) গ্রেডিং পদ্ধতির সম্মান পরীক্ষায় BA, BSS, BBA এবং B.Sc এর ক্ষেত্রে ১ম বর্ষ থেকে ২য় বর্ষে প্রমোশনের জন্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে **অন্তত ০৩টি তত্ত্বীয় কোর্সে ন্যূনতম D গ্রেড পেতে হবে।**

খ) ০১টি কোর্সে অনুপস্থিত থেকে শিক্ষার্থী অন্যান্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে সে সব কোর্সে ন্যূনপক্ষে D গ্রেড পেলে পরবর্তী বর্ষে প্রমোশন পাবে। পরবর্তী বছরের পরীক্ষার্থীদের সঙ্গে তাকে অনুপস্থিত বিষয়ে অবশ্যই পরীক্ষা দিতে হবে।

উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফরম পূরণ সংক্রান্ত প্রকাশিত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হলো।

বিঃদ্রঃ নিয়মিত পরীক্ষার্থীদেরকে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ফি DBBL এর মাধ্যমে এবং অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে কলেজের নির্ধারিত রূপালী ব্যাংক লিমিটেড, কালেশন বুথ-এ জমা দিতে হবে।

বিঃদ্রঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরম পূরণের বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করা হলো।

স্বাঃ
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং-রাক/১০৬৬ তারিখ: ১০/০৭/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো

১। বিভাগীয় প্রধান,..বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী।

২। আহ্বায়ক, অনার্স ১ম বর্ষ ফরম পূরণ ও পরীক্ষা কমিটি-২০১৭, রাজশাহী কলেজ, রাজশাহী।

৩। আইসিটি শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী।

৪। প্রধান তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, মুসলিম ছাত্রাবাস/ছাত্রীনিবাস/হিন্দু ছাত্রাবাস, রাজশাহী কলেজ, রাজশাহী।

৫। ম্যানেজার, রূপালী ব্যাংক লিমিটেড, কাজী নজরুল ইসলাম সড়ক শাখা, রাজশাহী কলেজ বুথ, রাজশাহী।

৬। ম্যানেজার, DBBL, রাজশাহী।

৭। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।

৮। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।